R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৩৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৪ঠা মাঘ বুধবার, ১৩৯৫ সাল।
১৮ই জানুয়ারী, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ জলবিদ্যুৎ প্রকল্প নিলেন

নিজস্ব সংবাদদাতা: ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ নিজেদের প্রয়োজনে যে বিদ্যুৎ খরচ করেন তা নিয়মিতভাবে যোগান দিতে পারছেন না রাজ্য বিদ্যুৎ পর্ষদ। ফলে ব্যারেজের কাজকর্ম ব্যাহত হচ্ছে। অগত্যা ব্যারেজ কর্তৃপক্ষ নিজেরাই জলবিদ্যুৎ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নিচ্ছেন বলে খবর। তাঁরা ২০০ কোটি টাকার একটি পরিকল্পনা তৈরী করে কেন্দ্রীয় বিদ্যুৎ পর্ষদ ও জল কমিশনের কাছে পরিকল্পনাটি পেশ করেছেন বলেও সংবাদ পাওয়া যায়। বিশেষ সূত্রে প্রকাশ, ৫০ মেগাওয়াট করে ১৫০ মেগাওয়াট উৎপন্ন করার ক্ষমতাযুক্ত তিনটি ইউনিট বসানো হবে। গঙ্গার জল ব্যবহার করেই সারা বছর ঐ ইউনিটগুলি চালু রাখা যাবে বলে ব্যারেজের এক মুখপাত্র জানান। খবরে প্রকাশ, সর্বপ্রথম ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ নিজেদের বিদ্যুৎ প্রয়োজন মেটাতে মাত্র তিন মেগাওয়াটের একটি ছোট ইউনিট বসানোর অনুমতি চান। কিন্তু তাঁদের টেকনিক্যাল রিপোর্ট দেখে কেন্দ্রীয় শক্তিমন্ত্রক বুঝতে পারেন ফরাক্কা থেকে যথেষ্ট জলবিদ্যুৎ সামান্য ব্যয়ে পাওয়া যেতে পারে। তাঁরা হিসাব করে দেখেন ইউনিট প্রতি মাত্র ৫০পঃ খরচে এই জলবিদ্যুৎ উৎপন্ন হতে পারে যেখানে এখন বিদ্যুৎ তৈরীর খরচ ইউনিট প্রতি এক টাকা। শক্তিমন্ত্রক সে কারণেই একটি বৃহৎ পরিকল্পনা ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষকে চেয়ে পাঠান। সেই পরিপ্রেক্ষিতেই ১৫০ মেগাওয়াটের পরিকল্পনা দাখিল করা হয়েছে এবং আশা করা যাচ্ছে তাঁরা সবুজ সঙ্কেত খুব শীঘ্র পেয়ে যাবেন। কিন্তু এদিকে ফরাক্কা বাঁধের কাজকর্মের ব্যাপারে নানা দুর্নীতির খবরও পাওয়া যাচ্ছে। এক শ্রেণীর অফিসার, ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার, ঠিকাদার ও অন্যান্য কর্মী দুর্নীতির এক চক্র তৈরী করে লক্ষ লক্ষ টাকা লুটেপুটে খাচ্ছেন বলে প্রকল্পাধীন আশপাশ গ্রামের অধিবাসীদের অভিযোগ। তাঁরা জানান, দুর্নীতির ঘটনা পঞ্চায়েতের নজরে এনেও ফল হয় না। দেখে-শুনে মনে হয় পঞ্চায়েতের কর্ণধারগণও একই সূত্রে বাঁধা আছেন। পুলিশ (শেষ পৃষ্ঠায়)

## রেশন তোলার দুর্ভোগে মানুষকে অনশনে দিন কাটাতে হচ্ছে

ধুলিয়ান: সামসেরগঞ্জ থানার কাঞ্চনতলা গ্রাম পঞ্চায়েতের অধীন রতনপুর গ্রামটি পশ্চিম রতনপুর ও পূর্ব্ব রতনপুর দুটি গ্রাম সভায় বিভক্ত। এই দুটি গ্রাম সভায় একটি মাত্র রেশনের দোকান। যার লোক সংখ্যা প্রায় ৯ হাজার এবং রেশন কার্ড সংখ্যা প্রায় ১২৫০ জন (ফ্যামিলি হেডস)। কিন্তু একটি রেশন দোকানে কমপক্ষে ৩ হাজার লোক সংখ্যা থাকার সরকারী বিধান আছে। এই রেশন দোকানটি গ্রামের শেষপ্রান্ত ডাকবাংলা মোড়ে অবস্থিত যার দূরত্ব প্রায় দেড় কিলোমিটার। তাছাড়া এই রেশন দোকানটিতে প্রায় তিনগুণ লোক সংখ্যা বেশী থাকার ফলে রেশন প্রাপকদের ঘন্টার পর ঘন্টা লাইন দিয়ে অনেক কষ্ট ও হয়রানি সহ্য করে মাল তুলতে হয়। ধুলিয়ান শহর ঢুকতে হলে এই গ্রামের মধ্য দিয়েই যেতে হয়। ফলে দিনরাত্রি বাস, ট্রাক, রিক্সা ও ঘোড়া গাড়ী এই রাস্তা দিয়ে চলাচল করে। ফলে বড় মানুষ ছাড়া ছোট ছেলে মেয়েদের রেশন দোকানে পাঠানো সম্ভবপর হয়ে ওঠে না। জনগণের এই অসুবিধা দূর করতে খাদ্য ও সরবরাহ বিভাগের জেলা, মহকুমা ও স্থানীয় কর্তাদের বার বার জানানো সত্ত্বেও কোন প্রতিকার হচ্ছে না। ফলে জনগণের দুর্ভোগ দিন দিন বাড়ছে। পঞ্চায়েত সমিতিগুলোও এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন।

## এ্যাসপণ্ডে অশান্তি মোকাবিলায় পুলিশ ক্যাম্প

বিশেষ প্রতিনিধি: ফরাক্কা সুপার থারম্যাল পাওয়ার প্রোজেক্টের উদ্বৃত্ত ছাই রাখার জন্য 'এ্যাসপণ্ড' নির্মাণের দায়িত্ব পেয়েছেন তারাপুর কোম্পানী। পণ্ডের সীমানা নির্দ্ধারিত হয়েছে ফরাক্কা থানার শঙ্করপুর থেকে সামসেরগঞ্জের মালঞ্চা পর্যন্ত। কাজ শুরু হয়েছে গত ২৮ ডিসেম্বর থেকে। কাজ শুরুর প্রথম পর্যায়ে লোক নিয়োগ নিয়ে অশান্তি দেখা দেয়। বিভিন্ন রাজনৈতিক দলের চাপে কোম্পানী দিশাহারা হয়ে পড়েন। প্রত্যেক দলই নিজের নিজের প্রার্থীর নিয়োগ নিয়ে চাপ সৃষ্টি করতে থাকলে কোম্পানী নিরুপায় হয়ে ডি এমের সাহায্য চান। ডি এম তারাপুর কোম্পানীর কর্তৃপক্ষকে জানান, আপনারা টেণ্ডার দিয়ে কাজ (শেষ পৃষ্ঠায়)

## বর্গাদার ও খাসজমির পাট্টা প্রাপকদের অর্থ সাহায্য

বহরমপুর: মুর্শিদাবাদ জেলা সেনট্রাল কোঃ অপারেটিভ ব্যাঙ্ক লিঃ এর সূত্রে জানা যায়, তাঁরা এ বছরের (৮৮-৮৯) রবি মরশুমে বর্গাদার ও খাসজমি পাট্টা প্রাপকদের অর্থ সাহায্য করবেন। জেলার সকল ব্লকের ঐ সমস্ত চাষীদের চিহ্নিত করার প্রয়োজনে পরিদর্শকদের পঞ্চায়েত সমিতি ও ব্লক অফিসারদের সাথে যোগাযোগ রাখতে অনুরোধ করা হচ্ছে। খবর, জঙ্গিপুর উপ-বিভাগের নিম্নলিখিত ব্লকের নির্দিষ্ট সংখ্যক চাষীকে ঐ সাহায্য দেওয়া হবে। হিসাব অনুযায়ী ফরাক্কা, সামসেরগঞ্জ, রঘুনাথগঞ্জ-১ ব্লকের প্রতিটিতে ১০০ জন করে এবং সাগরদীঘি ব্লকের ৭০০ জন চাষী এই সাহায্য পাবেন বলে জানা যায়।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

Ref. No. FS : 42 : O & M : Contracts : 509/779

Sealed tenders are invited from experienced and registered Contractor of NTPC/CPWD/Railway/WBSEB and Public Sector Under takings for the following work. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents.

The documents will be on sale from 9-00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs. to 16-00 hrs. Tender will be received upto the tender opening date and time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderer(s) of their authorised representative(s)

| Sl. No. | Name of work | Approx. value of work. | Amt. of EMD/Cost of tender paper | Completion period | Date & time of opening. |
|---|---|---|---|---|---|
| 01. | Annual contract for Miscellaneous construction and maintenance work of other than main power house area at plant site of Farakka, F. S. T. P. P. | Rs. 5.00 lakhs | Rs. 10000/- Rs. 50/- | One year | 24-01-89 at 15-00 hrs. |

### Terms & Conditions :

1. Tender documents will be available from 02-01-89 to 23-01-89
2. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted along with the tender.
3. Interested parties are advised to visit site for familiarise with the site conditions.
4. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money.in prescribed form Earnest money of Rs. 10,000/- enclosed should clearly be written on the top of envelope containing tender paper, failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s)
5. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
6. The aurhority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer & reserves the right to cancel any or all the offers without assigning any reason.

**Dy. Supdt. (O & M/MTP)**
F. S. T. P. P/N. T. P. C.

